29 OCT 1994

তারিখ ... 29 OCT 1994 ... পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

## কৃষি কলেজসমূহের ভর্তি পরীক্ষা

বাংলাদেশের কৃষি কলেজসমূহের ভর্তি বিজ্ঞপ্তি সম্প্রতি একটি দৈনিকে দেওয়া হইয়াছে। আশ্চর্যজনক হইলেও সত্য এ বৎসর কোন লিখিত পরীক্ষা না নিয়া শুধু মৌখিক পরীক্ষার মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তির নিয়ম করা হইয়াছে। বাংলাদেশের কোন উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে লিখিত পরীক্ষা ছাড়া শুধু মৌখিক পরীক্ষার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি সম্ভবত এই প্রথম। যেখানে যে কৃষি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক নিয়ন্ত্রণে কৃষি কলেজগুলি, সেখানেও নৌখিক পরীক্ষায় কোন মার্ক নাই এবং যেখানে মেডিক্যাল কলেজগুলিতে লিখিত পরীক্ষার পাশাপাশি অল্প মার্কের মৌখিক পরীক্ষা থাকিলেও তাহা বাতিলের জন্য পত্রিকায় লেখালেখি হইতেছে, সেখানে কৃষি কলেজসমূহে শুধু মৌখিক পরীক্ষার ভিত্তিতে ভর্তি করাটা কতটুকু যুক্তিসংগত তাহা বিবেচনার দাবী রাখে। আমাদের দেশে চাকুরী কিংবা ভর্তির ক্ষেত্রে যত প্রকার দুর্নীতি হয় উহাদের অধিকাংশই মৌখিক পরীক্ষার মাধ্যমে হইয়া থাকে। বড় ভাইয়ের টেলিফোনের জোর থাকিলে তো কথাই নাই। মৌখিক পরীক্ষার উত্তর যেহেতু লিখিত থাকে না, তাই মার্ক চ্যালেঞ্জ করিবারও কোন সুযোগ থাকে না। তাহা ছাড়া শুধু মৌখিক পরীক্ষার মাধ্যমে কোন ছাত্রের প্রকৃত মেধা যাচাই সম্ভব নয়, অনেক ভাল ছাত্রও ভাইভা বোর্ডে নার্ভাস ফিল করে। তদুপরি চেহারা, লিঙ্গ ভেদ, পোশাক ইত্যাদিও বোর্ডের সদস্যদের প্রভাবিত করিতে পারে। তাই বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট-এর মহাপরিচালকের নিকট আবেদন উপরোক্ত বিষয়গুলি বিবেচনা করিয়া লিখিত পরীক্ষার ভিত্তিতে ভর্তির নিয়ম সম্বলিত নূতন ভর্তি বিজ্ঞপ্তি দেওয়া হউক।

—মোহাম্মদ আহম্মেদ আলী, পূর্ব/২১২ শহীদ জিয়াউর রহমান হল, পটুয়াখালী কৃষি কলেজ, পটুয়াখালী।